8360 1000 Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21 duly Stamped under the Indian Stamp Act 1899 as amended by Act III of 1922 and Section 82 (1) of the Calcutta Improvement Act 1911 Schedule 33.

Stamp Duty paid under the Indian Stamp Act 1899 as amended in 1964 Rs. 1500

Aditional duty Paid under the Calcutta Improvement Act 1911 Rs. 300 P.

Total Rs. 1800

30-4-92

দানপত্র দলিল

দানপত্র গ্রহিতা

শ্রী শ্রীবাস পাল
পিতা স্বর্গীয় সুরেন্দ্রচন্দ্র পাল
জাতি হিন্দু, পেশা ব্যবসা
সাং ১৩১এ, বেদিয়া ডাঙ্গা
সেকেণ্ড লেন, থানা কসবা
কলিকাতা - ৩৯

দানপত্র দাতা

শ্রী অনিল চন্দ্র পাল
পিতা মৃত দেবেন্দ্র চন্দ্র পাল
জাতি হিন্দু, পেশা ব্যবসা,
সাং ১০৭সি, ডাঃ গিরীন্দ্র শেখর
বসু রোড, থানা তিলজলা
কলিকাতা - ৩৯
হাল সাং ১৩১এ, বেদিয়া ডাঙ্গা
সেকেণ্ড লেন, থানা কসবা,
কলিকাতা - ৩৯

অদ্য শুভ দানপত্র দলিল পত্রমিদং কার্য্যঞ্চাগে ঃ -

1000/-

No. 2511...... Dt. 29/4/92 Rs. ..................
Name Sri/Smt. B. Das, Advocate
A. ..................
P. ..................
Vendor ..................

Santosh Kr. Dey
**ALIPUR POLICE COURT**
**24-Pgs. (S) Cal-27**

No. 2511-2515 Rs 1000/-
Rs 500/-
Rs 200/-
Rs 100/-
Rs 20/-
Rs 1820/- only

Presented for **Registration** at 12/05 A.M./P.M. on the 30th day of APRIL 1992 at the **Sadar Registration Office** Alipore **South 24-Parganas** by Executant / Climent as one of the **Executant / Climents**, or Attorney for Anil Chandra Pal Executant / Climent under a Power of attorney No.............. of 19..........authenticated by the ............ Registrar of..........

Anil Chandra Pal
Name Lt. Debendra Chandra Pal
S o: W.o. D/o. ..................
of 42/1A Bediadanga 2nd Lane P.S. Kasba Cal-39
Dist. South 24-Parganas
By Caste Hindu / Muslim
by Profession. Busi

Birendra Nath Mukutmoni
Name Lt. Hari Gobinda Mukutmoni
S o. W.o. D/o. ..................
of 5 A/10 Jelipara Lane
Cal-31
Dist. South 24-Parganas
By Caste Hindu / Muslim
by Profession. Service

8093

8095






জেলা ২৪ পরগণা অধুনা দক্ষিণ ২৪ পরগণা, সাবেক থানা টালিগঞ্জ তৎপর যাদবপুর বর্তমানে তিলজলা, সাবেক সাব রেজেষ্ট্রী অফিস আলিপুর অধুনা এ.ডি.এস.আর.ও. শিয়ালদহ, পরগণা কলিকাতা অত্র জেলা কালেক্টারির ২৯৯৮ নং তৌজি ভুক্ত রেঃসাঃ নং ২১২, অধুনা দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান 'যাদবপুর ইউনিটের' ১০৮ নং ওয়ার্ডের অন্তর্গত জেঃএলঃ নং ১২, মাদুরদহ মৌজায় জেলা জরিপের ১৩৩ নং খতিয়ান ভুক্ত জমি জমা নদীরাম মন্ডল মহাশয়ের পুত্র বিরাজ চন্দ্র মন্ডল মহাশয় হিন্দু পরিবারের কর্তা হিসাবে অন্যান্য পরিবার বর্গের স্বার্থে ও হিতার্থে ইংরাজী ২০/৮/১৯৩৪ তারিখে বেহালা সাব রেজেষ্ট্রী অফিসের রেজেষ্ট্রী কৃত চিরস্থায়ী মৌরশী পাট্টা মূলে উক্ত জমির মৌরশী মোকররী স্বত্বের মালিক সাকিন বৈষ্ণবঘাটা নিবাসী জ্ঞানেন্দ্র নাথ দে দিগর মহাশয়গণের নিকট হইতে নির্ব্যূঢ় স্বত্বে বন্দোবস্ত লইয়া ষোল আনা রকমের স্বত্বাধিকারী ও খাস দখলীকার থাকেন। উক্ত মৌরশী মোকররী পাট্টা দলিল

200Rs.






বেহালা সাব রেজেস্ট্রী অফিসের ১নং বহির ২১ নং ভল্যুমের ২২৯ হইতে ২৩২ নং পাতায় সন ১৯৩৪ সালের ১৫৪৩ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। তৎপর বিগত ইংরাজী সন ১৯৫৪ সালের ৬ ই আগষ্ট তারিখে উক্ত সম্পত্তি ও অন্যান্য সম্পত্তি উক্ত বিরাজ চন্দ্র মণ্ডল মহাশয় তাঁহার অন্যান্য সরিকগণের সহিত এক রেজেস্ট্রী কৃত আপোষ বন্টন নামা দলিল মূলে বিভাগ বন্টন করিয়া লন এবং ১৩৩ নং খতিয়ানের ৪১৭ নং দাগের কিছু জমি সহ অপরাপর ভূসম্পত্তি বিরাজ চন্দ্র মণ্ডল মহাশয় উক্ত বন্টন নামা দলিল মূলে নিজ অংশে ষোল আনা রকম নির্ব্যূঢ় সূত্বে অন্যের নিরাংশে প্রাপ্ত হইয়া নির্দায় ও নির্দোষ অবস্থায় খাসে ভোগদখলিকার থাকেন। উক্ত বন্টন নামা দলিল আলিপুর সদর সাব রেজেস্ট্রী অফিসের ১ নং বহির ৮৬ নং ভল্যুমের ২৭২ হইতে ২৮২ নং পাতায় সন ১৯৫৪ সালের ৫৫৩০ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। বিগত রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপে উক্ত ৪১৭ নং দাগের জমি রিভিশন্যাল জরিপে ১৪২ নং খতিয়ানে হাল ৪২৩ নং দাগে ও ৪২৩/৪৬১ নং দাগে বিরাজ চন্দ্র

100 Rs.






মণ্ডল মহাশয়ের নামে রায়তী স্বত্ব ও দখলকার থাকা শুদ্ধ ভাবে লিপিবদ্ধ হয় । উক্ত সম্পত্তির ষোল আনা রকম স্বত্বে খাসে ভোগদখলিকার থাকাকালীন বিগত ১৯৫৬ সালে হিন্দু উত্তরাধিকার আইন আমলে আসিলে উক্ত বিরাম চন্দ্র মণ্ডল ইন্টেসটেড অবস্থায় পরলোক গমন করিলে তাহার ত্যাক্ত উক্ত হাল ৪২৩ নং দাগের ভূসম্পত্তি ও অন্যান্য সম্পত্তি তাহার দুই পুত্র শ্রী অবনী কান্ত মণ্ডল , শ্রী বনমালী মণ্ডল এবং কন্যা শ্রীমতী একাদশী পোড়েল তাঁহার ষোল আনা সম্পত্তির ওয়ারেশ সূত্রে সমাংশে প্রাপ্ত হইয়া যৌথ ভাবে ভোগবান ও স্বত্ব দখলিকার থাকেন । অতঃপর তাঁহাদের সকল অর্থের বিশেষ প্রয়োজনে উপরোক্ত রিভিশন্যাল সার্ভের ১৪২ নং খতিয়ান ভুক্ত ৪২৩ নং দাগের অন্তর্গত কিছু সম্পত্তি লইয়া ।ই। নামক স্কীম করিয়া রাস্তাদি রাখিয়া ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া ৬৩ নং প্লট ভুক্ত ।০ পাঁচ কাঠা জমি সায় রাস্তাদির সর্ব্ববিধ স্বত্বাদি বিক্রয় করার ঘোষণা করিলে আমি অত্র দানপত্র দাতা গত ইংরাজী ১৯।৭।১৯৭৮ তারিখে আলিপুর সদর সাব রেজেষ্ট্রী অফিসে

20 Rs.






রেজেষ্ট্রী কৃত ১নং বহির ১৭০ নং ভলিউমের ৮ হইতে ১৪ পাতায় লিপিবদ্ধ সন ১৯৭৮ সালের ৪২২২ নং সাফ কোবালা দলিল মূলে নির্ব্যূঢ় স্বত্ত্বের মালিক দখলিকার উক্ত ১। শ্রী তরণী কান্ত মণ্ডল, ২। শ্রী বনমালি মণ্ডল ও ৩। শ্রীমতী একাদশী পোড়ে গনের নিকট হইতে খরিদ করিয়া আমরা নির্ব্যূঢ় স্বত্ত্বে মালিক ও দখলিকার হইতেছি ও আছি।

তুমি অত্র দানপত্র গ্রহিতা আমার ভ্রাতুষ্পুত্র হইতেছ। তুমি আমাকে অত্যন্ত ভক্তি শ্রদ্ধা কর এবং আমিও তোমাকে স্নেহ করি ও ভালবাসী। তোমার ভবিষ্যৎ জীবন যাহাতে সুচ্ছন্দে অতিবাহিত করিতে পার সেকারণ উপরোক্ত ও তপশীল বর্ণিত সম্পত্তি তোমাকে নির্ব্যূঢ় স্বত্ত্বে দান করিবার মনস্থ করিয়াছি। এই দান সম্বন্ধে তোমার নিকট প্রস্তাব করায় আমার এই যৎসামান্য স্নেহের দান সানন্দে গ্রহণ করিতে সম্মত ও স্বীকৃত হওয়ায় আমি অদ্য তারিখে অত্র দানপত্র দলিল মূলে তপশীল বর্ণিত সম্পত্তি তোমাকে নির্ব্যূঢ় স্বত্ত্বে দান করিয়া দিয়া তাহা হইতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে এক কালিন চিরতরে নিঃস্বত্ত্ব ও দখলহীন হইলাম। তুমি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্ত্বে স্বত্ত্ববান ও

মালিক দখলিকার হইয়া কালেক্টারিতে অধুনা দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান 'যাদবপুর ইউনিটের' ১০৮ নং ওয়ার্ডে এবং যে কোন প্রয়োজনীয় স্থানে অত্র দানপত্র দলিলের বলে তোমার নিজ নাম জারি বা পত্তনাদি করাইয়া লইয়া যথারীতি খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া দান বিক্রয় বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে যদৃচ্ছা পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি বায় আমার ওয়ারিশানগণক্রমে কেহ কস্মিনকালে কোনও প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবে না, করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বদা বাতিল ও অগ্রাহ্য হইবে।

অত্র দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি, চার্জ্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোনও প্রকারে দায়াবদ্ধ করি নাই বা উহা কোন আদালত কর্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকাবদ্ধ নহে। সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ স্বত্ব যুক্ত ও খাস অবস্থায় অত্র দানপত্র দলিল মূলে তোমাকে নির্ব্যূঢ় স্বত্বে দান করিয়া দিয়া দানকৃত সম্পত্তিতে খোলসা খাস দখল দিলাম। এবং তুমিও দানকৃত সম্পত্তির খাস দখল গ্রহণ করিয়া আমার মনোবাসনা পূর্ণ করিলে।

দানকৃত সম্পত্তির মূল্য ১৫০০০ পনের হাজার টাকা।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া অত্র শুভ দানপত্র দলিল তোমার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী সন ১৯৯২ সালের ৩০ শে এপ্রিল, মোতাবেক বাংলা সন ১৩৯৯ সালের ১৭ ই বৈশাখ।

## তপশীল দানকৃত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা অধুনা দক্ষিণ ২৪ পরগণা , সাবেক থানা টালিগঞ্জ অতপর যাদবপুর বর্ত্তমানে তিলজলা, সাবেক সাব রেজেষ্ট্রী অফিস আলিপুর অধুনা এ . ডি . এস . আর . ও . শিয়ালদহ , পরগণা কলিকাতা অত্র জেলা কালেক্টারির ২৯৯৮ নং তৌজি ভুক্ত রেঃসাঃ নং ২১২, অধুনা দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান ' যাদবপুর ইউনিটের ' ১০৮ নং ওয়ার্ডের অন্তর্গত জেঃএলঃ নং ১২, মাদুরদহ মৌজায় জেলা জরিপের ১৩৩ রিভিসন্যাল জরিপের ১৪২ নং খতিয়ান ভুক্ত সাবেক ৪১৭ হাল ৪২৩ চারি শত তেইশ নম্বর দাগের অন্তর্গত ।ইং স্কীমের ৬৩ নং প্লট ভুক্ত অত্র সহ দাখিলী এবং অত্র দলিলের একাংশ গণ্য নক্সায় লাল রংয়ের সীমারেখা দ্বারা সুচিহ্নিত কমবেশ ।০ পাঁচ কাঠা বিল জমি মায় আব্ব আজ্জাতাদি মায় তৎসংক্রান্ত ও তৎসংশ্লিষ্ট যাবতীয় স্বত্বাদি মায় উক্ত জমি সংলগ্ন রাস্তা ও লিঙ্ক রাস্তাদির উপর ও তলদেশ দিয়া জলের কলের পাইপ, ইলেকট্রীক লাইন, টেলিফোনের তার ,গ্যাস লাইন ইত্যাদি আনা লওয়া এবং অবাধ চলাচলের ও জলনিকাশী অধিকার আদি সহ সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি অত্র দানকৃত সম্পত্তি হইতেছে । অত্র দানকৃত সম্পত্তির হারাহারি বার্ষিক খাজনা .৭২ পয়সা হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুর সরকারে দেয় । দানকৃত সম্পত্তি বর্ত্তমানে মৎস্য চাষে ব্যবহৃত হইতেছে ।

## দানকৃত সম্পত্তির চৌহদ্দি

উত্তর – ' ই ' ব্লকের জমি

দক্ষিণ – ' ই ' ব্লকের জমি

পূর্ব – 'ই' ব্লকের জমি

পশ্চিম – 'সি' ব্লকের জমি

অত্র স্নেহের দাম সানন্দে গ্রহণ করিলাম।

সাক্ষি :–

মুসাবিদাকারক

এ্যাডভোকেট, আলিপুর

টাইপকারক


আলিপুর পুলিশ কোর্ট

## SITE PLAN OF

PORTION OF. R.S. DAG. NO.423. MOUZA. MADURDAHA. J.L. NO.12. SHEET. NO.2.
P.S. TILJOLA. WORD. NO.108. (C.M.C) CAL.78. 24. PARGANAS. (SOUTH.)
BLOCK-E. SCALE. 41/4"=1'.

AREA OF LAND. K-CH-SF.
5-0-0.

| DONOR. | DONEE. |
| --- | --- |
| SRI. ANIL CHANDRA PAL. | SRI. SREEBASH PAL. |




SANTOSH KUMAR


SITE PLAN OF

PORTION OF R.S. DAG NO. 425 MOUZA MADURDAHA, J.L. NO. 12, SHEET NO. 2,
P.S. TILJOLA, WORD NO. 108 (C.M.C) CAL-78, 24 PARGANAS. (SOUTH)
BLOCK-E  SCALE 4ft=1"

AREA OF LAND. K-CH-SFT
5-0-0.

DONOR. DONEE.

SRI. ANIL CHANDRA PAL. SRI. SREEBASH PAL.



BOOK NO I

VOLUME NO 146

PAGES 499 TO 505

BEING NO 7920

FOR THE YEAR 1993

30-4-92

16.4.93